

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৫.১৮.২৩৯.২২.৭১৫

তারিখ: ৭ কার্তিক ১৪২৯

২৩ অক্টোবর ২০২২

বিষয়: **কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলা পরিষদের ০৩ (তিন) টি পুরাতন ভবন কনডেমড ঘোষণা ও নিলামে বিক্রির প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর স্মারক নং-৪০৩, তারিখ: ১১/০৯/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলা কনডেমনেশন কমিটির সভায় ইটনা উপজেলা পরিষদের পুরাতন ০৫টি ভবন কনডেমড ঘোষণার প্রস্তাব উপস্থাপন করা হলেও গুরুত্ব বিবেচনায় ০৩ (তিন) টি ভবন কনডেমড ঘোষণা ও নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে নিম্নবর্ণিত ০৩ (তিন) টি পুরাতন ভবন কনডেমড ঘোষণা ও নিলামে বিক্রির প্রশাসনিক অনুমোদন চেয়ে অনুরোধ করা হয়।

ক্র: নং	ভবনের নাম	পুরাতন মালামালের মূল্য	ভাঙ্গা ও অপসারণ মূল্য	প্রাক্কলিত মূল্য (টাকায়) (ভাঙ্গা ও অপসারণ মূল্য ব্যতীত)
(১)	(২)	(৩)	(৪)	(৩-৪)
১।	উপজেলা পরিষদ চেয়ারম্যানের পুরাতন বাসভবন।	৫,১২,২৪২/-	১,৬৪,৬৬৮/-	৩,৪৭,৫৭৪/- (তিন লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত চুয়াত্তর)
২।	উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন।	৫,০৯,২৪২/-	১,৬৪,৩৭৭/-	৩,৪৪,৮৬৫/- (তিন লক্ষ চুয়াল্লিশ হাজার আটশত ষাট)
৩।	উপজেলা পরিষদের পুরাতন নন-গেজেটেড কোয়ার্টার (ধুমকেতু)।	৫,৫৯,৬০০/-	২,১৪,৬৫৯/-	৩,৪৪,৯৪১/- (তিন লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত একচল্লিশ)

০২। এমতাবস্থায়, উক্ত বিষয়টি বিবেচনার সুবিধার্থে ভবন ০৩ (তিন) টির বাহির ও ভিতরের কমপক্ষে ৫(পাঁচ)টি করে সদ্য তোলা সত্যায়িত রঞ্জিন ছবি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩-১০-২০২২

মোহাম্মদ সামছুল হক

উপসচিব

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।

ফোন: ২২৩৩৫৭২৩০

ইমেইল: lgd.upazila2@gmail.com

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৫.১৮.২৩৯.২২.৭১৫/১

তারিখ: ৭ কার্তিক ১৪২৯

২৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইটনা, কিশোরগঞ্জ।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, ইটনা, কিশোরগঞ্জ।
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।



২৩-১০-২০২২

মোহাম্মদ সামছুল হক

উপসচিব